

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৭৩.০০২.০১.০০.০০৪.২০১১-২৩

তারিখ : ০৬/০২/২০১৪ খ্রি:

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচি(এইচপিএনএসডিপি) এর অধীন “ইনফরমেশন, এডুকেশন এন্ড কমিউনিকেশন-(আইইসি)” (কোড নং-৫-২৭৮১-৫৩৫০) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের আরপিএ(জিওবি) খাতে ২য় ও ৩য় কিস্তি বাবদ (রাজস্ব-৬১২.৫০+মূলধন-০.০০)=৬১২.৫০ লক্ষ (ছয় কোটি বার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ছাড়করণ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন, স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অধীন “ইনফরমেশন, এডুকেশন এন্ড কমিউনিকেশন-(আইইসি)” শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে আরপিএ(জিওবি) খাতের ২য় ও ৩য় কিস্তি বাবদ(রাজস্ব-৬১২.৫০+মূলধন-০.০০)=৬১২.৫০ লক্ষ (ছয় কোটি বার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (২২/০৮/২০১৩ তারিখের ৪৫.১৭৩.০০২.০১.০০.০০৪.২০১১-১৭১নং স্মারকে বর্ণিত বিভাজন অনুযায়ী) অবমুক্তকরণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছে। এই ব্যয় চলতি ২০১৩-১৪ অর্থ বছরে ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের আওতায় এইচপিএনএসডিপি’র অধীন “ইনফরমেশন, এডুকেশন এন্ড কমিউনিকেশন-(আইইসি)” শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে।

তবে শর্ত থাকে যে,

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **The Public Procurement Act, 2006** এবং **The Public Procurement Rules-2008** অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে ;
- (খ) অব্যয়িত অর্থ(যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে ;
- (গ) আরপিএ(জিওবি) বাবদ ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের পূর্ণতর দাবী অবিলম্বে পেশসহ পূর্ণতর নিশ্চিত করে অর্থ বিভাগকে জানাতে হবে ;
- (ঘ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;
- (ঙ) এই ব্যয় চলতি ২০১৩-১৪ অর্থ বছরের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের “ইনফরমেশন, এডুকেশন এন্ড কমিউনিকেশন-(আইইসি)”, (কোড নং-৫-২৭৮১-৫৩৫০) হতে বহন করা হবে ;
- (চ) উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুষ্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণ যোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ;
- (ছ) এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফা ওয়ারি বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না ;
- (জ) এই অর্থ ব্যয়ের সরকারি সকল আর্থিক বিধি বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে ;
- (ঝ) ৪র্থ কিস্তি অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ছাড়কৃত ১ম, ২য়, ৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে।

০২। এই আদেশ অর্থ বিভাগের ১৩/১১/২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ এবং গত ০৪/০২/২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪. ২৭৮১.৫৩.২০১২-৯০ নং স্মারকের অধীনে অত্র মন্ত্রণালয়/বিভাগকে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সে অনুযায়ী এ আদেশ জারী করা হলো।

স্বা :

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫৭১৪৪

স্মারক নং-৪৫.১৭৩.০০২.০১.০০.০০৩.২০১১-২৩/১(৮)

তারিখ : ০৬/০২/২০১৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬-কাওরান বাজার, ঢাকা।
- ০২। লাইন ডাইরেক্টর, ইনফরমেশন, এডুকেশন এন্ড কমিউনিকেশন-(আইইসি), ৬-কাওরান বাজার, ঢাকা।
- ০৩। উপ-প্রধান, পরিকল্পনা উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৪। উপ-সচিব, আর্থিক ব্যবস্থাপনা অডিট ইউনিট(এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব, বাজেট অনুবিভাগ-১(বাজেট শাখা -৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৭। যুগ্ম-সচিব(প্রবা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। যুগ্ম-প্রধান(পরিকল্পনা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫৭১৪৪

e-mail: sasn12@mohfw.gov